

কৃষি বিশ্ববিদ্যালয়

## ছাত্রলীগ থেকে ১৬ জন বহিষ্কার

বাংলাদেশে কৃষি বিশ্ববিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : দলীয় শৃঙ্খলা ভঙ্গ করে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ বাকসু ৬টি হলের সংসদ নির্বাচনে ছাত্রলীগ (বা-অ) মনোনীত প্যানেলবহির্ভূত প্রার্থী হিসেবে নির্বাচনী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ১৬ জনকে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃতরা হচ্ছেঃ ছাত্রলীগ (বা-অ) বিশ্ববিদ্যালয় কমিটির সদস্য ও বাকসুতে সমাজকল্যাণ সম্পাদক পদে নির্বাচনকারী নিরোদবরণ জয়ধর, সাংস্কৃতিক সম্পাদক পদে নির্বাচনকারী এ, এইচ মোকাম্মেল রুবেল, সদস্য পদে নির্বাচনকারী সুনীল মন্ডল, সোহরাওয়ার্দী হলের ভিপি পদে নির্বাচনকারী আলমগীর মহিউদ্দিন কবীর পায়াস, ফজলুল হক হলের ভিপি প্রার্থী মোঃ রফিকুল ইসলাম চাঁদ, শাহজালাল হলের ভিপি পদে নির্বাচনকারী মোঃ রফিকুল ইসলাম রফিক (বাকবি শাখার সমাজকল্যাণ সম্পাদক), আশরাফুল হলের ভিপি পদে নির্বাচনকারী মফিজ উদ্দিন সাকন্দ (হল শাখার সহ-সভাপতি), জিএস পদে নির্বাচনকারী কামরুজ্জামান জুয়েল (বাকবি শাখার সদস্য), শহীদ নাজমুল আহসান হলে ভিপি পদে নির্বাচনকারী গোলাম মওলা সৈকত, জিএস প্রার্থী এমরান হোসেন ও রফিকুল ইসলাম, মিলনায়তন সম্পাদক প্রার্থী শাহ মোঃ গোলাম মওলা, ঈশা খাঁ হলের জিএস প্রার্থী নির্মল চন্দ্র সূত্রধর ও মোস্তফা কামাল, যুগ্ম সম্পাদক পদপ্রার্থী রাহাগীর মঈনউদ্দিন আল কাদির কল্লোল, মিলনায়তন সম্পাদক প্রার্থী মোঃ আনোয়ার হোসেন। বহিষ্কৃতদের মধ্য থেকে নির্বাচিত হয়েছে শহীদ নাজমুল আহসান হলের ভিপি ও মিলনায়তন সম্পাদক, শাহজালাল হলের ভিপি, আশরাফুল হক হলের ভিপি ও জিএস।